

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
থানা সেন্টার প্ল্যানিং-২

বিষয়ঃ নগর উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন টিমের জানুয়ারি ২০২০ এ অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	মাকসুদ হাসেম
	সিনিয়র প্ল্যানার
সভার তারিখ	০৭/০১/২০২০
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	সিনিয়র প্ল্যানার (আরবান প্ল্যানিং) এর অফিস কক্ষ।
উপস্থিতি	সংযুক্তি-১ সদয় দৃষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন।

আলোচনাঃ

ক। নগর উন্নয়ন অধিদপ্তরের ডিসেম্বর ২০১৯ এর প্রাক-মাসিক সময় সভার সিদ্ধান্ত ক্রমিক ২.১৩ এ ইনোভেশন টিমের ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে বিদেশ ভ্রমণের সিদ্ধান্ত গৃহিত হয় এবং ২০১৯-২০২০ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৯.৩ এ “উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণকে বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নেলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ” বিষয়ে উল্লেখ থাকায় ইনোভেশন টিমের ৩ (তিন) জন এবং মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১ (এক) জন সহ মোট ৪ (চার) জন ফেব্রুয়ারি ২০২০ এ আবু ধাবিতে অনুষ্ঠিতব্য ওয়ার্ল্ড আরবান ফোরাম ১০ এ অংশগ্রহণের ব্যাপারে আলোচনা হয়।

খ। ইনোভেশন টিমের ৩ (তিন) জন হিসেবে ১। জনাব মাকসুদ হাসেম ইনোভেশন অফিসার, ২। জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, সদস্য ও ৩। জনাব মো: তানভীর হাসান রেজাউল, সদস্য অংশগ্রহণের ব্যাপারে টিমের সকল সদস্য সুপারিশসহ সম্মতি জ্ঞাপন করেন। এ ব্যাপারে ই-নথিতে পরিচালক মহোদয়ের অনুমোদন নেয়ার ব্যাপারে আলোচনা হয়।

গ। জানুয়ারি ২০২০ এর মধ্যে উদ্ভাবন কর্ম পরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ

ক। ইনোভেশন টিমের ৩ (তিন) জন এবং মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১ (এক) জন সহ মোট ৪ (চার) জন ফেব্রুয়ারি ২০২০ এ আবু ধাবিতে অনুষ্ঠিতব্য ওয়ার্ল্ড আরবান ফোরাম ১০ এ অংশগ্রহণের জন্য সুপারিশের সিদ্ধান্ত হয়।

খ। ইনোভেশন টিমের ৩ (তিন) জন হিসেবে ১। জনাব মাকসুদ হাসেম, ইনোভেশন অফিসার ২। জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, সদস্য ও ৩। জনাব মো: তানভীর হাসান রেজাউল, সদস্য এর নাম ফেব্রুয়ারি ২০২০ এ আবু ধাবিতে অনুষ্ঠিতব্য ওয়ার্ল্ড আরবান ফোরাম ১০ এ অংশগ্রহণের জন্য সুপারিশের সিদ্ধান্ত ও ই-নথিতে পরিচালক মহোদয়ের অনুমোদন নেয়ার ব্যাপারে সিদ্ধান্ত হয়।

গ। জানুয়ারি ২০২০ এর মধ্যে উদ্ভাবন কর্ম পরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মাকসুদ হাসেম
সিনিয়র প্ল্যানার

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩২.০০৪.১৭.৫

তারিখ: ২৫ পৌষ ১৪২৬

০৯ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, অডিট অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ২) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) সিনিয়র প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, কক্সবাজার আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার
- ৬) প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৮) অর্থনীতিবিদ, গবেষণা, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৯) অর্থনীতিবিদ, গবেষণা ও সমন্বয়, নগর উন্নয়ন অধিদপ্তর



৯-১-২০২০

মো. তানভীর হাসান রেজাউল
প্ল্যানার